



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি সাংবাদিক হাউজিং সোসাইটির জটিলতা নিরসনে মেয়রের আশ্বাস

চট্টগ্রাম-৬ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটির জমি নিয়ে চলমান আইনি জটিলতা নিরসনে সার্বিক সহায়তার আশ্বাস দিয়েছেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি আজ রোববার দুপুরে চট্টগ্রাম প্রেসক্লাব ইঞ্জিনিয়ার আবদুল খালেক মিলনায়তনে সংবর্ধনা অনুষ্ঠানে একথা বলেন। দি চিটাগং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি জাতীয় সমবায় পুরস্কার অর্জন করায় চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। সিটি মেয়র আলহাজ্ব আ.জ. নাছির উদ্দীন এ প্রতিষ্ঠানের সভাপতি। মেয়র বলেন, আইনি জটিলতার কারণে সাংবাদিকদের আবাসন বাস্তবায়নে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। বর্তমানে এই জটিলতার প্রায় ৮০ শতাংশ নিরসন হয়েছে। তিনি বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ ও জাতির বিবেক। সাংবাদিকদের লেখনীর মাধ্যমে সমাজের পরিবর্তন ঘটে। অনুষ্ঠানে সিটি মেয়রকে সম্মাননা ট্রেস্ট প্রদান করা হয়। চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটির সভাপতি স্বপন মল্লিকের সভাপতিত্বে ও সিইউজের সাধারণ সম্পাদক হাসান ফেরদৌসের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএফইউজে সহ-সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, যুগ্ম মহাসচিব মহসিন কাজী, চট্টগ্রাম প্রেস ক্লাবের সিনিয়র সহসভাপতি কাজী আবুল মনসুর, টিভি জার্নালিস্ট এসোসিয়েশনের সভাপতি আলী আব্বাস, সাংবাদিক নেতা অঞ্জন কুমার সেন ও চট্টগ্রাম সাংবাদিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটির সহ-সভাপতি সমীর বড়ুয়া, দি চিটাগং কো-অপারেটিভ হাউজিং সোসাইটির সাধারণ সম্পাদক মো. শাহজাহান, জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন প্রমুখ।

চসিকের মোবাইল কোর্ট পলিচালিত

চট্টগ্রাম-৬ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ রবিবার সকালে মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর লাভলেইন মোড় ও আগ্রাবাদ কমার্স কলেজ রোডের নালা ও ফুটপাথ অবেধ দখল করে গড়ে উঠা ১৫টি স্থাপনা ও ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। এই সময় অবেধ মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টি করার দায়ে লাভলেইন বিউটি হার্ডওয়ারকে ৫ হাজার টাকা, কমার্স কলেজ রোডের মামা ষ্টোরকে ৩ হাজার, ক্যানন ফটোস্ট্যাটকে ৩ হাজার টাকা, হীরা এন্টারপ্রাইজকে ৩ হাজার টাকা, গৌরী এন্টারপ্রাইজকে ৩ হাজার টাকা ও প্রাইম এন্টারপ্রাইজকে ৩ হাজার টাকাসহ মোট ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন